# প্রাথমিক শিক্ষা সমাপণী পরীক্ষা-২০১৫

বিষয় ঃ বাংলা

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট                                                    পূর্ণমান ঃ ১০০

নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ ঃ

বাংলাদেশের নরসিংদী জেলার বেলাব ও শিবপুর উপজেলায় অবস্থিত উয়ারী-বটেশ্বর এলাকায় প্রত্নতাত্ত্বিক নিদর্শনের অনেক কিছু আবিস্কৃত হয়েছে। এর মধ্যে অন্যতম হলো প্রাচীন নগরী, কয়েক হাজার মুদ্রা, ব্যবহৃত জিনিসপত্র। এছাড়াও অন্যান্য জিনিসপত্রও পাওয়া গেছে যা সেই সময়ে তাদের দৈনন্দিন জীবনে ব্যবহারে প্রয়োজন পড়ত। খনন এবং গবেষণায় দেখা গেছে, আজকের উত্তরে মনোহরদি ও বেলাব, পূর্বে রায়পুরা, দক্ষিণে শীতলক্ষ্যা নদী এই বিস্তীর্ণ অঞ্চল জুড়ে ছিল সুসভ্য মানুষ জণের বসবাস, ছিল নগর সভ্যতা  পূর্ব দক্ষিণ দিক দিয়ে ভৈরবের মেঘনা হয়ে এখানকার ব্যবসা-বাণিজ্য সুদূর জনপদ পর্যন্ত প্রসারিত ছিল বলে মনে হয়। ঐতিহাসিকদের ধারণা ব্রহ্মপুত্র নদ হয়ে বঙ্গোপসাগেরর মধ্য দিয়ে ব্যবসা বাণিজ্য করত। দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে শুরু করে ভূমধ্যসাগর অঞ্চলে সুদূর রোমান সাম্রাজ্য পর্যন্ত 'উয়ারী বটেশ্বর' রাজ্যের যোগাযোগ হয়তো ছিল।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ ঃ                                                    ৫

(i) অনুচ্ছেদটিতে কী সম্পর্কে বলা হয়েছে?

ক) প্রাচীন নগর সভ্যতার পরিচয়   খ) উয়ারী-বটেশ্বর এলাকার বিবরণ
গ) সভ্যতার বিবর্তনের পরিচয়   ঘ) বাংলাদেশের প্রত্নতাত্ত্বিক নিদর্শন

(ii) প্রদত্ত অনুচ্ছেদে কোন নদীর বিস্তীর্ণ অঞ্চল জুড়ে নগর সভ্যতার কথা বলা হয়েছে?

ক) শীতলক্ষ্যা   খ) ভৈরব   গ) ব্রহ্মপুত্র   ঘ) পদ্মা

(iii) "উয়ারী-বটেশ্বর" রাজ্যের যোগাযোগ কোন সাম্রাজ্য পর্যন্ত বিস্তৃত ছিল?

ক) মিশর সাম্রাজ্য   খ) চীন সাম্রাজ্য
গ) রোমান সাম্রাজ্য   ঘ) সুদূর ভারতবর্ষ

(iv) আজকের উয়ারী-বটেশ্বরের মানুষ প্রাচীন কালে কেমন ছিল?

ক) উন্নত   খ) শৌখিন   গ) শক্তিশালী   ঘ) সভ্য

(v) নিচের কোন বানানটি শুদ্ধ?

ক) বিশিষ্ট   খ) প্রমাণ   গ) অভিভূত   ঘ) প্রত্নতাত্ত্বিক

২। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ ঃ                                                    ৫

ক) নিদর্শন  খ) প্রাচীন  গ) দৈনন্দিন  ঘ) বিস্তীর্ণ  ঙ) জনপদ

৩। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ ঃ                                        ১+২+২=৫

ক) উয়ারী-বটেশ্বর কোন জেলায় অবস্থিত?

খ) উয়ারী বটেশ্বর অঞ্চলের ব্যবসা বাণিজ্য কোন পর্যন্ত প্রসারিত ছিল?

http://teachingbd.com

গ) উয়ারী-বটেশ্বর কোথায় অবস্থিত? উয়ারী-বটেশ্বর এলাকায় প্রত্নতাত্ত্বিক কি কি নিদর্শন পাওয়া গেছে? ৫

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ ক্রমিক প্রশ্নের উত্তর লেখ ঃ

ষোড়শ শতকে ক্রিকেট খেলার উৎপত্তি হয় ইংল্যান্ডে। এরপর সমগ্র বিশ্বে এ খেলার বিস্তার ঘটে। ক্রিকেট খেলায় বেশ কিছু উপকরণ যেমন- ব্যাট, বল, ষ্ট্যাম্পের নির্দিষ্ট একটি পরিমাপ রয়েছে। ক্রিকেট খেলায় প্রতি দলে ১১ জন করে খেলোয়ার থাকে। বর্তমানে ক্রিকেট খেলার ধরণ তিনটি। টেস্ট, ওয়ানডে এবং টি-টোয়েন্টি। টেস্ট ক্রিকেট সাধারণত তিন-পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিত হয়। ওয়ানডে ক্রিকেটের জন্য নির্দিষ্ট সময় সাত ঘন্টা যাতে প্রত্যেক দল ৫০ ওভার করে ব্যাট করে। ক্রিকেটের সর্বাধুনিক সংস্করণ টি-টোয়েন্টিতে ২০ ওভার করে খেলা হয়ে থাকে। রেকর্ড ভাঙ্গা গড়ার এ খেলায় প্রতি ওভারে ছয়টি বল করা হয়। ধীর, স্থিরতা ও সহিষ্ণুতা এ খেলার প্রাণ। বিশ্বকাপ ক্রিকেটের বলের ওজন ১৬০ গ্রাম। বর্তমানে বাংলাদেশ এ খেলায় উত্তরোত্তর সাফল্য লাভ করছে। এর মাধ্যমে আসছে প্রচুর বৈদেশিক মুদ্রা এবং আন্তর্জাতিক অঙ্গনে সম্মান। এজন্য ক্রিকেটের উন্নতিকল্পে বাংলাদেশ সরকার বিশেষ নজর দিয়েছে।

৬। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ ঃ ১×৫=৫

(i) অনুচ্ছেদটি কী সম্পর্কে বলা হয়েছে?
ক) ফুটবল খ) ক্রিকেট খেলা গ) কাবাডি খেলা ঘ) টেনিস খেলা

(ii) ক্রিকেট খেলার সর্বাধুনিক সংস্করণ কোনটি?
ক) ওয়ানডে খ) সিক্স-এ সাইড গ) টেস্ট ঘ) টি-টোয়েন্টি

(iii) সবচেয়ে বেশি সময় ধরে চলে কোনটি?
ক) টেস্ট খ) ওয়ানডে গ) টি-টোয়েন্টি ঘ) সিক্স-এ সাইড

(iv) ক্রিকেট খেলায় সাফল্য লাভের জন্য সবচেয়ে বেশি প্রয়োজন-
ক) শারীরিক শক্তি ও সাহস খ) ধৈর্য ও সহিষ্ণুতা
গ) আদর্শ ও জ্ঞান ঘ) পরিশ্রম ও সাহস

(v) ক্রিকেট খেলায় বাংলাদশের অবস্থান কীরূপ?
ক) আশাব্যঞ্জক খ) হতাশাজনক গ) অনিশ্চিত ঘ) কৌতূহলজনক

৬। নিচের কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর ঃ ১×৫=৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| টেস্ট ক্রিকেট | ক্রিকেটের ৩-৫ দিন ব্যাপী খেলা |
| অনুষ্ঠিত | সম্পাদিত |
| ক্রিকেট | একটি খেলার নাম বিশেষ |
| সাফল্য | সফলতা |
| নির্দিষ্ট | নির্ধারিত |
| দিনব্যাপী | সারাদিন ধরে |

http://teachingbd.com

ক) ক্রিকেট খেলার সবচেয়ে দীর্ঘ সংস্করণ —।

খ) প্রতিটি খেলায় — একটা সময় থাকে।

গ) বাংলাদেশ ক্রিকেটে উত্তরোত্তর — লাভ করছে।

ঘ) বিদ্যালয় মাঠে একটি প্রীতি ফুটবল ম্যাচ — হবে।

ঙ) বাংলাদেশ উত্তরোত্তর সাফল্য লাভ করছে — খেলায়।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ ঃ ৩×৫=১৫

ক) ক্রিকেটের উন্নতিকল্পে বাংলাদেশ সরকার বিশেষ নজর দেওয়ার পাঁচটি কারণ লেখ।

খ) ক্রিকেট খেলা থেকে আমরা যেসব শিক্ষা লাভ করি এর মধ্যে পাঁচটি উল্লেখ কর।

গ) কোন দেশে ক্রিকেট খেলার উৎপত্তি হয়? কীভাবে সারা বিশ্বে এই খেলার বিস্তার ঘটে?

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর ঃ ২×৫=১০

ক) ক্ল খ) ম্প গ) স্ম ঘ) ন্ধ ঙ) চ্ছ

৯। বিরাম চিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ ঃ ৫

আজকাল কি পোড়ামাটির এই শিল্পচর্চা হয় না। মামার কাছে জানতে চাইলাম আমরা মামা বললেন বেশ ভালো কথা জিজ্ঞেস করেছ। তোমরা হ্যাঁ, আজকাল ওকম টেরাকোটা হচ্ছে না। বটে তবে পোড়ামাটির নকশার কদর বেড়েছে বড় বড় সরকারি বেসরকারি ভবনে আজকাল সৌন্দর্য বাড়ানোর জন্য নানা রকম নকশা করা মাটির ফলক ব্যবহৃত হচ্ছে ।

১০। এক কথায় প্রকাশ কর ঃ ১×৫=৫

ক) সামনের দিকে থাকেন যারা

খ) যা পাওয়া গেছে

গ) কোনোভাবেই পূরণ করা যায় না এমন

ঘ) বহুর মধ্যে এক

ঙ) অত্যন্ত কষ্ট করে যা করতে হয় বা বুঝতে হয়

১১। প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ ঃ ১×৫=৫

ক) মহান খ) ধরা গ) চঞ্চল ঘ) দম্ভ ঙ) ভিন্ন

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ ঃ

ক) কবিতার লাইনগুলো পরপর সাজিয়ে লেখ ঃ ৬

সিঁড়ি চলে, টিভি চলে, বাজে টেলিফোন
গলিপথে ফেরিঅলা হাঁকে আর হাটে
পল্লির সেই সুরে ভরে যায় মন
দরজায় বেল বাজে, কান পেতে শোন
শহুরে জীবন জ্বালা শব্দদূষণ
ছোটদের হইচই ইশকুল মাঠে।

http://teachingbd.com

খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ? ১

গ) কবিতাটির কবির নাম কী? ১

ঘ) শব্দ দূষণ কী? শহরের বাসা বাড়িতে থাকা কোন কোন জিনিস শব্দদূষণ করে? ২

১৩। মনেকর, তুমি জাহিদ/জরিনা। তুমি বিশ্ব সাহিত্য কেন্দ্রের সদস্য হতে চাও। এখন প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর ঃ ৫

বিশ্ব সাহিত্য কেন্দ্র সদস্য ফরম-২০১৫

নাম অন্তর্ভূক্তি ফরম

| | | |
|---|---|---|
| ১। শিক্ষার্থীর নাম | ঃ | |
| ২। পিতার নাম | ঃ | |
| ৩। মাতার নাম | ঃ | |
| ৪। বর্তমান ঠিকানা | ঃ | |
| ৫। জন্ম তারিখ | ঃ | |
| ৬। শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ঃ | |
| ৭। শ্রেনি ঃ | শাখা ঃ | রোল ঃ |
| ৮। মোবাইল নং | ঃ | |

শিক্ষার্থীর সংখ্যা

১৪। মনেকর, তুমি শিখা/সুমন। তুমি মদনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। হঠাৎ অসুস্থতার কারণে চতুর্থ ঘণ্টার পর অর্ধ-দিবস ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ। ৫

১৫। নিচের যেকোন একটি বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ ঃ ১০

ক) সুন্দরবনের প্রাণী [ভূমিকা – সুন্দরবনের প্রাণী – সুন্দরবনের পাখি – সুন্দরবনের অবলুপ্ত প্রাণী – উপসংহার।]

খ) তোমার প্রিয় কবি [সূচনা – জন্ম ও শৈশব – কবি জীবন – অসুস্থতা ও মৃত্যু – উপসংহার।]

গ) নায়াগ্রা জলপ্রাপত [ভূমিকা – জলপ্রপাত কী – নায়াগ্রার অবস্থান – নায়াগ্রার বিশেষত্ব – নায়াগ্রার জলপ্রপাতের সৌন্দর্য – উপসংহার।]

ঘ) পরিবেশ দূষণ [ভূমিকা – পরিবেশ দূষণ কী – বিভিন্ন ধরনের দূষণ – দূষণের কারণ – প্রতিকার – উপসংহার।]

Teachingbd.com

http://teachingbd.com